

ডেন্টাল ভর্তি পরীক্ষার ফল প্রকাশ, ১ম তামিম

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ১০ মার্চ ২০২৪



২০২৩-২৪ শিক্ষাবর্ষের ডেন্টাল (বিডিএস) ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এতে প্রাথমিকভাবে ৫৪৫ জন নির্বাচিত করা হয়েছে। পরীক্ষায় জাতীয় মেধাক্রমে ১ম হয়েছেন মুহতাসিম সাদিক তামিম। তিনি নটরডেম কলেজের সাবেক শিক্ষার্থী।

রোববার (১০ মার্চ) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. মো. মহিউদ্দিন মাতুব্বর স্বাক্ষরিত বিজ্ঞপ্তি ফলাফল প্রকাশের বিষয়ে জানানো হয়েছে। ভর্তিচুঁরা সংশ্লিষ্ট ওয়েবসাইট ও মোবাইল ফোনে স্কুদেবার্তার মাধ্যমে ফল দেখতে পারবেন বলেও জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর ও এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ থেকে প্রাপ্ত নম্বর যোগ করে অর্জিত স্কোরের ভিত্তিতে মেধা ও পছন্দক্রম অনুযায়ী ৫৪৫ জনকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়েছে।

এদের মধ্যে মেধা কোটায় ৫১৩ জন, ৫% মুক্তিযোদ্ধা কোটায় ২৭ জন ও পশ্চাদপদ জনগোষ্ঠীর জন্য সংরক্ষিত আসনে ৫ জন রয়েছেন। এসব ভর্তিচ্ছুরা ১টি সরকারি ডেন্টাল কলেজ ও ৮টি সরকারি মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে ভর্তি হতে পারবেন।

ফল যেভাবে দেখা যাবে

ভর্তি পরীক্ষার ফল স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইট www.mefwd.gov.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd ও টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট <http://dgme.teletalk.com.bd> হতে জানা যাবে।

সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের টেলিটকের 01550155555 নম্বর থেকে SMS এর মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানানো হবে। এছাড়া ভর্তি সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের অধ্যক্ষের দপ্তর থেকে জানা যাবে। বেসরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের ভর্তি বিজ্ঞপ্তি পরবর্তীতে প্রকাশ করা হবে।